

মাতাকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেষ্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : পি জি - ৩.৫৫ বি (ঐচ্ছিক)

বিষয় : রবীন্দ্রমনন ও বিভিন্ন সংস্কৃতি

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১। প্রাচীন ভারতীয় টেক্সটগুলিকে রবীন্দ্রনাথ পড়েন নিজের মতো করে সম্পাদনা সংযোজন ও বর্জন করতে করতে। কয়েকটি বৈদিক গ্রন্থপাঠের অনুষ্ঙ্গ সামনে রেখে এই কথাটির পক্ষে অথবা বিপক্ষে তোমার মতামত দাও। ১০

(অথবা)

২। ‘বিদায় অভিশাপ’ কবিতার রবীন্দ্রনাথ বর্ণিত কাহিনির সঙ্গে মূল মহাভারতে লিখিত কাহিনির মধ্যে যে-পার্থক্য তুমি লক্ষ কর তার বিবরণ দাও। রবীন্দ্রনাথের আখ্যানে এতখানি পার্থক্য গড়ে ওঠে কেন বলে তোমার মনে হয়? ১০

BNG-1160

[Turn Over]

(২)

৩। মানবতাবাদী চিন্তক রোমা রোলাঁ ও রবীন্দ্রনাথের মতবিনিময় যুদ্ধবিরোধী বিশ্বশান্তির প্রসঙ্গে কতটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে? আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

(অথবা)

৪। রবীন্দ্রনাথ ও অরিন্ বার্গসঁর সাক্ষাৎকারের মূল বক্তব্যগুলি কী কী ছিল? বার্গসঁর দর্শন রবীন্দ্র সাহিত্যভাবনাকে কীভাবে প্রভাবিত করেছে তা আলোচনা করো। ১০

৫। দ্বীপময় শ্যামদেশ ভ্রমণ পর্বে লেখা রবীন্দ্রনাথের কবিতার মধ্যে শ্যামদেশের ঐতিহ্য ও সাংস্কৃতিক চালচিত্র কীভাবে ধরা পড়েছে আলোচনা করো। ১০

(অথবা)

৬। রবীন্দ্রনাথ কীভাবে ভারতীয় সংস্কৃতির সঙ্গে দ্বীপময় শ্যামদেশের ঐক্যের সূত্রগুলি অনুধাবন করেছিলেন উদাহরণসহ পর্যালোচনা করো। ১০

৭। রবীন্দ্রনাথকে ঘিরে চিনের আগ্রহ ও চিন সফরে রবীন্দ্রনাথকে ঘিরে বিতর্ক সমান্তরালভাবে কেন তৈরি হয়েছিল বলে তোমার মনে হয় যুক্তিসহ লেখো। ১০

(অথবা)

৮। পারস্য-সংস্কৃতির একটি বিশেষ রূপ দেখে রবীন্দ্রনাথ বলেছিলেন ‘মন ভরপুর’ হয়ে থাকার কথা। রবীন্দ্রনাথের সঙ্গে সেই সংস্কৃতির সংযোগের সূত্রটি এবং তাঁর মনে সেই রূপের অভিঘাত সম্পর্কে আলোচনা করো। ১০

★ ★ ★

BNG-1160

XX24(113)—60